সংবাদ

তারিখ ... 15 AUG 2016 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪ ...

# দশমিনা কলেজে ছাত্রলীগের দুই পক্ষে সংঘর্ষ : আহত ৫

প্রতিনিধি, দশমিনা (পটুয়াখালী)

১৫ আগস্ট উপলক্ষে শোকসভায় পটুয়াখালীর দশমিনায় আবদুর রসিদ তালুকদার সরকারি ডিগ্রি কলেজ ছাত্রলীগের দু'গ্রুপে গত শনিবার সংঘর্ষের ঘটনা ঘটে। সংঘর্ষে ৫ ছাত্রনেতা আহত হয়। আগামী ২৪ ঘণ্টায় ঘটনার সুরাহা না পেলে উপজেলা আওয়ামী লীগের সকল কর্মসূচি বর্জন করার হুঁশিয়ারী দেয় উপজেলা ছাত্রলীগের আহবায়ক এড: নিয়াজ মোর্শেদ রোমান। জানা যায়, আবদুর রসিদ তালুকদার সরকারি ডিগ্রি কলেজ ছাত্রলীগ জাতীয় শোক দিবস উপলক্ষে গত শনিবার কলেজ মিলনায়তনে শোকসভার আয়োজন করে। শোকসভায় উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সভাপতি আঃ আজীজ মিয়া, সাধারণ সম্পাদক এড. সিকদার গোলাম মোস্তফা, উপজেলা ছাত্রলীগের ১ম যুগ্ম আহবায়ক শাহিন আলম সেরনিয়াবাতসহ উপজেলা আওয়ামী লীগ অঙ্গসংগঠন ও কলেজ ছাত্রলীগের নেতৃবৃন্দ। এ সময় কলেজ ছাত্রলীগের সভাপতি অমি খান গ্রুপ ও পাল্টা কমিটির আহবায়ক রুবেল মহল্লাদার গ্রুপে বক্তব্য দেয়া নিয়ে বিবাদ দেখা দেয়। কলেজ সড়কে সংঘর্ষে আহত হয় নাহিদ, রুবেল, হেমায়েত, মাঈনুল, ইশান স্থানীয়ভাবে প্রাথমিক চিকিৎসা নিয়েছেন। ওই বিবাদের ঘটনায় শোকসভা পন্ড হয়ে যায়। শোকসভা পন্ড'র ঘটনার উপজেলা ছাত্রলীগের আহবায়ক এড. নিয়াজ মোর্শেদ রোমান সুষ্ঠু তদন্তসহ ২৪ ঘণ্টার মধ্যে সুরাহা দাবী করে উপজেলা আওয়ামী লীগ নেতৃবৃন্দের কাছে। অন্যথায় উপজেলা আওয়ামী লীগ ঘোষিত সকল কর্মসূচি বর্জন করার হুঁশিয়ারী দেয়। এ ঘটনায় উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান আঃ আজীজ মিয়া বলেন, কলেজের ঘটনা আমাদের অভ্যন্তরীণ, অচিরেই সমস্যার নিরসন করা হবে।